



প্রকল্প সড়ক



জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা
মহাসড়ক ৪-নেনে উন্নীতকরণ

ভিত্তিপ্রস্তর স্থাপন




সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়

পটভূমি

দক্ষিণ এশিয়ার চারটি দেশ বাংলাদেশ, ভূটান, ভারত এবং নেপাল নিয়ে গঠিত হয়েছে South Asia Sub-Regional Economic Cooperation (SASEC) ফোরাম। এ আঞ্চলিক সহযোগিতা ফোরামের আওতায় ২১টি সড়ক করিডোর উন্নয়নের উদ্যোগ নেয়া হয়। এর মধ্যে ৪ নম্বর করিডোরটি ভূটানের রাজধানী থিম্পু থেকে শুরু করে বুড়িমারী স্থলবন্দর হয়ে এবং ৯ নম্বর করিডোরটি নেপালের রাজধানী কাঠমন্ডু থেকে শুরু করে বাংলাদেশ স্থলবন্দর হয়ে বাংলাদেশে প্রবেশ করবে। করিডোর দু'টি রংপুর-বগুড়া-বঙ্গবন্ধু সেতু-টাঙ্গাইল-জয়দেবপুর হয়ে বাংলাদেশের রাজধানী ঢাকা ও বন্দরনগরী চট্টগ্রাম এবং রংপুর-বগুড়া-হাটিকামরুল-ঈশ্বরদী-কুষ্টিয়া-যশোর-খুলনা হয়ে মংলা বন্দরের সাথে প্রতিবেশী দেশগুলোর সড়ক সংযোগ স্থাপন করবে। দু'টি করিডোরের বাংলাদেশ অংশের সম্পূর্ণ সড়ক নেটওয়ার্ককে পর্যায়ক্রমে ৪-লেনে উন্নীতকরণের প্রথম পদক্ষেপ হিসেবে জয়দেবপুর হতে এলেঙ্গা পর্যন্ত ৭০ কিলোমিটার দীর্ঘ সড়কটি নির্বাচন করা হয়েছে।

জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক দেশের উত্তরাঞ্চলের সাথে সরাসরি সড়ক যোগাযোগের একমাত্র করিডোর। এছাড়াও এ সড়কটি সার্ক হাইওয়ে করিডোর-৪, এশিয়ান হাইওয়ে-২ এবং এশিয়ান হাইওয়ে-৪১ এর অংশ। উত্তরাঞ্চলের সাথে অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং বাংলাদেশের সাথে ভারত, নেপাল ও ভূটানের উপ আঞ্চলিক সড়ক করিডোর উন্নয়নের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা সহজ ও দ্রুত করার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। সড়ক নিরাপত্তা উন্নয়নের জন্য এ সড়কটিকে ৪-লেনে উন্নীতকরণের পাশাপাশি মূল সড়কের পাশে স্বল্প গতির যানবাহনের জন্য আলাদা লেন নির্মাণ করা হবে।

এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে সাব-রিজিওনাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপারেটরি ফ্যাসিলিটিস শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে ইতোমধ্যে সড়ক উন্নয়নের বিস্তারিত ডিজাইন প্রণয়ন করা হয়েছে। এছাড়াও প্রকল্প বাস্তবায়ন তদারকি পরামর্শক নিয়োগ প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে। এ মহাসড়কটি সংশ্লিষ্ট সকল দেশের মধ্যে দেশীয় ও আন্তঃদেশীয় সড়ক যোগাযোগ উন্নয়ন সহ ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি, শিক্ষা-সংস্কৃতির প্রসার এবং জিডিপির প্রবৃদ্ধিতে যেমন ভূমিকা রাখবে, তেমনি রাজধানীর সাথে দেশের উত্তরাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা নিরাপদ ও সহজতর হবে।



SASEC হাইওয়ে করিডোর



প্রক্ষেপিত জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা ৪ লেন মহাসড়ক

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: SASEC Road Connectivity Project : জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ
প্রকল্প বাস্তবায়নকারী	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
প্রকল্প ব্যয়	: ২৭৮৮.৪৬ কোটি টাকা প্রকল্প সাহায্য ১৮৪৩.৭০ কোটি টাকা জিওবি ৯৪৪.৭৬ কোটি টাকা
অর্থায়নে	: Government of Bangladesh Asian Development Bank OPEC Fund for International Development Abudhabi Fund for Development
ডিজাইন পরামর্শক	: SMEC International Pty. Ltd - Australia in association with PEC PyungHwa Engineering Consultants Ltd. - South Korea and ACE Consultants Ltd. -Bangladesh
সড়কের দৈর্ঘ্য	: ৭০ কিলোমিটার
প্রস্থ	: ২৯.৮০ মিটার (শ্লে মুক্তি ভেহিকুলার ট্রাফিক লেন সহ)
ব্রীজের সংখ্যা	: ২৭ (১৯২৪.৭ মিটার)
কালভার্টের সংখ্যা	: ৬০
ফ্লাইওভারের সংখ্যা	: ৫ (কোনাবাড়ী, চন্দ্রা, কালিয়াকৈর, সোহাগপুর ও টাঙ্গাইল)
ফ্লাইওভারের মোট দৈর্ঘ্য	: ৩১০০ মিটার
ফুটওভার ব্রীজের সংখ্যা	: ১২
আন্ডারপাসের সংখ্যা	: ৫
মোট ভূমি অধিগ্রহণ	: ৮১.৭৬ একর
প্রকল্প মেয়াদ	: এপ্রিল ২০১৩ - মার্চ ২০১৮